

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল টরন্টো, কানাডা



প্রেস বিজ্ঞপ্তি

২৩ আগস্ট ২০২১

টরটোর বাংলাদেশ কনস্যুলেট জেনারেলে "২১ আগস্ট গ্রেনেড হামলা দিবস" দিবস পালিত

টরন্টোর বাংলাদেশ কনস্যুলেট জেনারেল 'রক্তাক্ত ২১ আগস্টের বর্বরোচিত গ্রেনেড হামলা' নিয়ে একটি স্মরণসভার আয়োজন করেছে। কনসাল জেনারেলের সভাপতিত্বে দিবসটি সারণে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয় এবং শহীদদের বিদেহী আত্মার জন্য বিশেষ প্রার্থনা করা হয়।

কনসাল জেনারেল নাঈম উদ্দিন আহমেদ তার বক্তব্যে ১৭ বছর আগের এই দিনে ঘটে যাওয়া গ্রেনেড হামলার ভয়াবহতার কথা সারণ করেন। এই হামলায় তৎকালীন বিরোধীদলীয় নেতা বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা প্রধান লক্ষ্য ছিলেন, যিনি অল্পের জন্য প্রাণে বেঁচে গিয়েছিলেন। কমপক্ষে ২৪ জন নেতা-কর্মী নিহত হয়েছিল এবং আরো প্রায় ৩০০ জন আহত হয়েছিলেন। কনসাল জেনারেল সকল শহিদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তাদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।



কনসাল জেনারেল নাঈম উদ্দিন আহমেদ বলেন যে, পৃথিবীর আর কোন গণতান্ত্রিক দেশে রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করতে এভাবে বিরোধীদলীয় নেতাকে নিশ্চিহ্ন করার জন্য নাশকতামুলক হামলা করার নজির আছে কিনা তার জানা নেই। এ ধরনের নগ্ন ও ঘৃণ্য গ্রেনেড হামলার মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধে নেতৃত্বদানকারী একটি ঐতিহ্যবাহী দলকে নেতৃত্বহীন করার অপচেষ্টা করা ইতিহাসে বিরল।

মুজিববর্ষের কৃটনীতি: প্রগতি ও সম্প্রীতি

কনসাল জেনারেল বলেন, আমরা সৌভাগ্যবান যে তৎকালীন বিরোধী দলীয় নেতা ও বর্তমান প্রধানমন্ত্রী সে বর্বর হামলা থেকে বেঁচে গিয়েছিলেন, এখন তার বিচক্ষণ ও দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে। বাংলাদেশ এখন পৃথিবীতে উন্নয়নের রোল মডেল।

সবশেষে কনসাল জেনারেল সকলকে মুক্তিযুদ্ধের চেতনায় সমুগ্নত হয়ে জাতির পিতার সোনার বাংলার বিনির্মাণে ভিশন ২০২১ এবং ভিশন ২০৪১ অনুযায়ী সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান।

মিশনের কর্মকর্তাগণ এ কর্মসূচীতে অংশ নিয়েছেন এবং বিশেষ প্রার্থনার মাধ্যমে কর্মসূচির পরিসমাপ্তি হয়।
